

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯২৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ সায়্যিদুল ইস্তিগফার, যা কোন ব্যক্তি পূর্ণ ইয়াকীনের সাথে বললে জান্নাতে প্রবেশ করবে

ذَكَرُ سَيِّدِ الْإِسْتِغْفَارِ الَّذِي يَدْخُلُ قَائِلُهُ بِهِ الْجَنَّةَ إِذَا كَانَ عَلَى يَقِينٍ مِنْهُ

আরবী

929 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدٍ الْحِيرِيُّ أَبُو عَمْرٍو قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ هَاشِمٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنْ حُسَيْنِ الْمُعَلِّمِ قَالَ: حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ بُرَيْدَةَ عَنْ بَشِيرِ بْنِ كَعْبٍ عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (سَيِّدُ الْإِسْتِغْفَارِ أَنْ يَقُولَ الْعَبْدُ: اللَّهُمَّ أَنْتَ رَبِّي لَا إِلَهَ إِلَّا أَنْتَ خَلَقْتَنِي وَأَنَا عَبْدُكَ وَأَنَا عَلَى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ أَبُوءُ لَكَ بِالنِّعْمَةِ وَأَبُوءُ لَكَ بِذَنْبِي فَاعْفِرْ لِي إِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ فَإِنْ قَالَهَا بَعْدَمَا يُصْبِحُ مُوقِنًا بِهَا ثُمَّ مَاتَ كَانَ مِنْ أَهْلِ الْجَنَّةِ وَإِنْ قَالَهَا بَعْدَ مَا يُمْسِي مُوقِنًا بِهَا كَانَ مِنْ أَهْلِ الْجَنَّةِ)

الراوي : شَدَّادُ بْنُ أَوْسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 929 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: سَمِعَ هَذَا الْخَبَرَ عَبْدُ اللَّهِ بْنُ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ وَسَمِعَهُ مِنْ بَشِيرِ بْنِ كَعْبٍ عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

৯২৯. শাদ্দাদ বিন আওস রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “সায়্যিদুল ইস্তিগফার (ইস্তিগফারের সর্বোচ্চ দু’আ) হলো বান্দার এটা বলা, اللَّهُمَّ أَنْتَ رَبِّي لَا إِلَهَ إِلَّا أَنْتَ خَلَقْتَنِي وَأَنَا عَبْدُكَ وَأَنَا عَلَى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ أَبُوءُ لَكَ بِالنِّعْمَةِ وَأَبُوءُ لَكَ بِذَنْبِي فَاعْفِرْ لِي إِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ (হে আল্লাহ, আপনি আমার প্রতিপালক, আর আমি আপনার বান্দা, আপনি ছাড়া সত্য কোন মা’বুদ নেই, আপনি আমাকে সৃষ্টি করেছেন, আমি আপনার বান্দা। আমি সাধ্যমত আপনার সাথে কৃত ওয়াদা ও

অঙ্গিকারের উপর রয়েছে। আমার উপর আপনার নি‘আমতের স্বীকারক্তি করছি, আমি আমার পাপের কথাও স্বীকার করছি। অতএব আপনি আমাকে ক্ষমা করে দিন, কেননা আপনি ছাড়া আর কেউ গোনাহসমূহ ক্ষমা করতে পারে না)।

যদি কোন ব্যক্তি দৃঢ় বিশ্বাসী হয়ে এটি সকালে বলে, তারপর সে মারা যায়, তবে সে ব্যক্তি জান্নাতের অধিবাসী হবে। আর যদি সে দৃঢ় বিশ্বাসী হয়ে এটি বিকেলে বলে, তারপর সে মারা যায়, তবে সে ব্যক্তি জান্নাতের অধিবাসী হবে!”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি আব্দুল্লাহ বিন বুরাইদা তার বাবা এবং বাশির বিন কা‘ব উভয় থেকেই শ্রবণ করেছেন। তারা উভয় হাদীসটি বর্ণনা করেছেন শাদ্দাদ বিন আওস থেকে। কাজেই হাদীসটির উভয় সানা দই মাহফূয বা বিশুদ্ধ।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৯৬; আত তাবারানী: ৭১৭৪; হাকিম: ২/৪৫৮; মুসনাদ আহমাদ: ৪/১২২; সহীহ আল বুখারী: ৬৩০৬; আদাবুল মুফরাদ: ৬১৭; নাসাঈ: ৮/২৭৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩০৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৭৪৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ শাদ্দাদ ইবনু আওস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89434>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন